দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 DEC 2002
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ৩

# শিক্ষা ক্যাডারের সমস্যা সমাধানে বিসিএস সাধারণ শিক্ষা পরিষদের দাবী

বিসিএস সাধারণ শিক্ষা পরিষদের কার্যনির্বাহী কমিটির সভায় পদোন্নতির ক্ষেত্রে আত্মীকৃত ও সরাসরি নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে বিভাজন সৃষ্টি না করে যে কোন সিদ্ধান্ত শিক্ষা ক্যাডারে কর্মরত সকল শিক্ষকের ক্ষেত্রে সমানভাবে প্রয়োগ সাপেক্ষে অতি-সত্বর পদোন্নতির দাবী ছাড়াও জাতীয়করণকৃত সরকারী কলেজের শিক্ষক-কর্মচারীদের ন্যায় ১৮টি মহিলা কলেজের শিক্ষক-কর্মচারী-দের যাবতীয় সুযোগ-সুবিধাদানের প্রতি জোর দাবী জানান হয়। ২৬শে নভেম্বর ঢাকাস্থ সরকারী সহীদ সোহরাওয়ার্দী কলেজে অনু-ষ্ঠিত সভায় প্রধান বক্তা ছিলেন পরিষদের মহাসচিব মতিউর রহমান গাজ্জালী। পরিষদের সভাপতি অধ্যক্ষ মোঃ আলী আকবর খান ডলার অসুস্থতার কারণে দায়িত্ব-পালনে অপারগতা প্রকাশ করায় সভায় প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক আবু হেনা মনসুরকে সভাপতির দায়িত্ব ভার অর্পণ করা হয়।

—প্রেস বিজ্ঞপ্তি